# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাহতে প্রার্থনামূলক দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দুর্ভাগ্য ও দুশমন-হাসি থেকে রক্ষা চাইতে

১।

اللهمَّ إنِّي أعُوذُ بِكَ مِنْ جَهْدِ الْبَلاَءِ، وَدَرَكِ الشَّقَاءِ، وَسُوءِ الْقَضَاءِ، وَشَمَاتَةِ الْأَعْدَاءِ

উচ্চারণঃ- আল্লা-হুম্মা ইন্নী আউযু বিকা মিন জাহদিল বালা-ই অদারাকিশ শাক্বা-ই অসূইল ক্বাযা-ই অশামা-তাতিল আ’দা-’।

অর্থঃ হে আল্লাহ! অবশ্যই আমি তোমার নিকট কঠিন দুরবস্থা (অল্প ধনে জনের আধিক্য), দুর্ভাগ্যের নাগাল, মন্দ ভাগ্য এবং দুশমন-হাসি থেকে রক্ষা কামনা করছি। (বু ৭/১৫৫, মুঃ ২৭০৭নং)

২।

اللَّهُمَّ احْفَظْني بالإِسْلاَمِ قائِماً، واحْفَظْني بالإِسْلاَمِ قاعِداً، واحْفَظْني بالإِسْلاَمِ راقِداً، ولا تُشْمِتْ بِي عَدُوّاً ولا حاسِداً. اللَّهُمَّ إنِّي أسْأَلُكَ مِنْ كُلّ خَيْر خزائِنُهُ بِيَدِك، وأعُوذُ بِكَ مِنْ كُلّ شَرَ خَزَائِنُهُ بِيَدِكَ

উচ্চারণঃ- আল্লা-হুম্মাহফাযনী বিল ইসলামি ক্বা-ইমা, অহফাযনী বিল ইসলা-মি ক্বা-ইদা, অহফাযনী বিল ইসলামি রা-কিদা। অলা তুশ্‌মিত বী আদুউওয়াঁউ অলা হা-সিদা। আল্লা-হুম্মা ইন্নী আসআলুকা মিন কুল্লি খাইরিন খাযা-ইনুহু বিয়্যাদিক, অ আউযু বিকা মিন কুল্লি শাররিন খাযা-ইনুহু বিয়্যাদিক।

অর্থঃ হে আল্লাহ! তুমি আমাকে ইসলামের সাথে দন্ডায়মান, উপবেশন এবং শয়নাবস্থায় রক্ষণাবেক্ষণ কর। আমার উপর কোন শত্রু ও হিংসুককে হাসায়ো না। আল্লাহ গো! অবশ্যই আমি তোমার নিকট প্রত্যেক সেই কল্যাণ হতে প্রার্থনা করছি, যার ভাণ্ডার তোমার হাতে এবং প্রত্যেক সেই অকল্যাণ হতে আশ্রয় প্রার্থনা করছি, যার ভাণ্ডারও তোমারই হাতে। (হাকেম ১/৫২৫, সঃ জামে’ ২/৩৯৮, সিঃ সহীহাহ ১৫৪০নং)।

৩।

اللَّهُمَّ إنِّي أَعُوذُ بِكَ مِنْ غَلَبَةِ الدَّيْنِ، وَغَلَبَةِ الْعَدُوِّ، وَشَمَاتَةِ الأَعْدَاءِ

উচ্চারণঃ- আল্লা-হুম্মা ইন্নী আউযু বিকা মিন গালাবাতিদ দাইনি অগালাবাতিল আদুউবি অশামা-তাতিল আ’দা-।

অর্থঃ হে আল্লাহ! অবশ্যই আমি তোমার নিকট ঋণ ও শত্রুর কবল এবং দুশমনহাসি থেকে রক্ষা চাচ্ছি। (সঃ নাসাঈ ৩ ১১১৩)